সমিতির কর্মকান্ডের প্রয়োজনে নিবন্ধিত জাতীয়/কেন্দ্রীয়/প্রাথমিক সমিতির উপ-আইনের কোনো বিধান সংশোধন করতে পারে। এজন্য নিম্নলিখিত পদক্ষেপ অনুসরণ করতে হবে:

**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে:** জাতীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। যুগ্ম-নিবন্ধক প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালক বিবেচনায় উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের অতিরিক্ত নিবন্ধক/ যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করার পর তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক/জেলা/ উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।

সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ

**খ) কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে:** কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর যুগ্ম-নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।

উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।

**গ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে:** প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হবে। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে বা তার কার্যালয়ের সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করবেন। আবেদনপ্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের

| | |
|---|---|
| | বিবেচনায় সমিতিটি উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। |
| সেবা প্রাপ্তির সময় | ৭-৬০ দিন |
| প্রয়োজনীয় ফি | বিনামূল্যে |
| সেবা প্রাপ্তির স্থান | উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা বিভাগীয় সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক ২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক, ৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক |
| প্রয়োজনীয় কাগজপত্র | আবেদনপত্র, সদস্যদের স্বাক্ষরযুক্ত তিন প্রস্থ সংশোধিত উপ-আইন, সাধারণ সভার রেজুলেশন |
| সেবা প্রাপ্তির শর্তাবলি | ১. সমবায় সমিতি আইন ও বর্ণিত শর্তাবলি বিশেষ/বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| সংশ্লিষ্ট আইন ও বিধি | ১. সমবায় সমিতি আইন, ২০০১ ( সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩),<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |